

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৯৫৪

আগরতলা, ০১ ডিসেম্বর, ২০২৩

**সাংবাদিক সম্মেলনে পর্যটন মন্ত্রী**

**মন্ত্রিসভার বৈঠকে অর্থ ও স্বাস্থ্য দপ্তরে বিভিন্ন পদে নিয়োগের সিদ্ধান্ত**

রাজ্য সরকার অর্থ ও স্বাস্থ্য দপ্তরে ৫৩ টি বিভিন্ন পদে নিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করেছে। আজ মন্ত্রিসভার বৈঠক শেষে সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী মন্ত্রিসভার এই সিদ্ধান্তের কথা জানান। তিনি জানান, এই ৫৩টি পদের মধ্যে অর্থ দপ্তরের অধীনে ২৩টি সিনিয়র কম্পিউটার অ্যাসিস্টেন্ট গ্রুপ-সি পদ রয়েছে। পদগুলি টিপিএসসি-র মাধ্যমে নিয়োগ করা হবে। তাছাড়াও অর্থদপ্তরে ১০টি এলডিসির শূন্য পদেও নিয়োগ করা হবে। এগুলিও টিপিএসসি-র মাধ্যমে নিয়োগ করা হবে। স্বাস্থ্য দপ্তরে ১০জন টেক্সেপ্রো ডেন্টাল টেকনেশিয়ান ও ১০জন টেক্সেপ্রো ডেন্টাল হাইজেনিষ্ট পদে নিয়োগ করা হবে।

সাংবাদিক সম্মেলনে পর্যটন মন্ত্রী জানান, এই সিদ্ধান্তগুলি ছাড়াও আরও কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত আজ মন্ত্রিসভার বৈঠকে নেওয়া হয়েছে। সিদ্ধান্তগুলি হল মুখ্যমন্ত্রী যুব যোগাযোগ যোজনার মাধ্যমে রাজ্যে আরও নতুন করে ১৯ হাজার ৭৯৬ জনকে স্মার্টফোন প্রদান করা হবে। এরজন্য রাজ্য সরকারের ব্যয় হবে ৯ কোটি ৮৯ লক্ষ টাকা। তিনি জানান, মুখ্যমন্ত্রী যুব যোগাযোগ যোজনার মাধ্যমে এখন পর্যন্ত ২৮ হাজার ৭৪৫ জন ছাত্রছাত্রীকে স্মার্টফোন দেওয়া হয়েছে। নতুন করে আজ মন্ত্রিসভার বৈঠকে আরও ১৯ হাজার ৭৯৬ জনকে স্মার্টফোন দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এই স্মার্টফোন রাজ্যের সরকারি কলেজে পাঠ্রত চূড়ান্ত বর্ষের ছাত্রছাত্রীদের দেওয়া হবে।

সাংবাদিক সম্মেলনে পর্যটন মন্ত্রী জানান, নয়াদিল্লির দ্বারকায়, সেক্টর-১৭, প্লট নং-৩-এ আরও একটি ত্রিপুরা ভবন নির্মাণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে রাজ সরকার। এই ত্রিপুরা ভবন নির্মাণের জন্য ত্রিপুরা সরকার দিল্লি ডেভেলপমেন্ট অথরিটিকে ২৩ কোটি ৬৬ লক্ষ ২৩ হাজার ৭০ টাকা প্রদান করতে হবে। এই টাকা শুধুমাত্র জায়গাটির জন্য প্রদান করা হবে। তিনি আরও জানান দিল্লিতে আগের আরও দুটি ত্রিপুরা ভবন রয়েছে। পর্যটন মন্ত্রী বলেন, সারা রাজ্যের মানুষের সুবিধা এবং প্রয়োজনীয়তার কথা মাথায় রেখে রাজ্যের বর্তমান সরকার এই সিদ্ধান্ত গ্রহণ করেছে।

\*\*\*\*\*